## নিয়োগ সুপারিশ প্রদান

জনবল কাঠামো অনুযায়ী সরকার নির্ধারিত কোটার প্রাপ্যতা উল্লেখ পূর্বক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগন কর্তৃক থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরিত শূন্যপদের অধিযাচন পত্রের হার্ড কপি ও সফট কপি প্রাপ্তির পর এনটিআরসিএ প্রয়োজনীয় যাচাই বাচাই অন্তে নিজস্ব ওয়েবসাইটে এবং পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ করে। ওয়েবসাইটে বিজ্ঞপ্তির সাথে শূন্য পদসমূহের তালিকাও প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির ভিত্তিতে নিবন্ধিত প্রার্থীগণ অনলাইনে আবেদন করেন। এনটিআরসিএ অনলাইনে আবেদন প্রাপ্তির পর সম্পূর্ণ অটোমেশন পদ্ধতির সফটওয়্যারের মাধ্যমে প্রার্থীর চাহিদা ও মেধাক্রম অনুযায়ী নিয়োগযোগ্য প্রতিটি পদের বিপরীতে ১ জন করে প্রার্থী নির্বাচন করে প্রার্থীকে জানায় এবং প্রার্থীর নাম অধিযাচনকারী প্রতিষ্ঠানে প্রেরণ করে। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশনের পর এনটিআরসিএর নিয়োগ সুপারিশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি নির্বাচিত প্রার্থীকে নিয়োগ প্রদান করে।

## তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রম


তথ্যের অবাধ প্রবাহ এবং তথ্যে সার্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণের জন্য সচেতনতা একান্ত গুরুত্বপূর্ণ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকগণের অন্যতম নাগরিক অধিকার হিসাবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ। তথ্য অধিকার আইন ২০০৯ নিশ্চিত করার লক্ষ্যে এনটিআরসিএ-র হালনাগাদ তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এছাড়া ব্যক্তি ও প্রতিষ্ঠানের চাহিদার প্রেক্ষিতে এনটিআরসিএ-র তথ্যাদি প্রদান করা হয়।

## এনটিআরসিএ এর সাম্প্রতিক অর্জনসমূহ

- শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৫ সালের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ের শূন্যপদে নিয়োগ প্রদানের জন্য এ যাবত ৪৬০০৮ জনকে নিয়োগ সুপারিশ প্রদান।
- মুজিববর্ষ উপলক্ষ্যে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৩৮২৮৩টি শূন্য পদে নিয়োগ সুপারিশের লক্ষ্যে প্রার্থী নির্বাচন।
- সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর চাহিদার ভিত্তিতে সাধারণ শিক্ষা ধারার ৬০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের কারিগরি শাখায় ট্রেড ইন্সট্রাকটর পদে মোট ৬৭৬ জন প্রার্থীকে সম্পূর্ণ মেধার ভিত্তিতে নিয়োগ সুপারিশ প্রদান এবং ৪৭১ জন প্রার্থীকে নিয়োগ সুপারিশের লক্ষ্যে নির্বাচন।
- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী পালনের অংশ হিসেবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার প্রতিষ্ঠা, আলোকচিত্র ও পোষ্টার প্রদর্শন।
- এনটিআরসিএ প্রতিষ্ঠার পর থেকে ৬,৩৪,২৫৭ জন শিক্ষককে নিবন্ধন সনদ প্রদান।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শূন্য পদে নিয়োগের লক্ষ্যে সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে প্রতিষ্ঠান প্রদান হতে ই-রিকুইজিশন গ্রহণ।
- বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সনদ যাচাই সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে সনদ যাচাই প্রতিবেদন এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রকাশ।

“সুষ্ঠু সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য শিক্ষা খাতে পুঁজি বিনিয়োগের চাইতে উৎকৃষ্ট বিনিয়োগ আর কিছু হতে পারে না।”

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

ওয়েবসাইট: www.ntrca.gov.bd

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের স্থপতি, মহান স্বাধীনতার ঘোষক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্ম গ্রহণ করেন ১৯২০ খ্রিষ্টাব্দের ১৭ মার্চ তৎকালীন ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়া গ্রামে। ২০২০ খ্রিষ্টাব্দ তাঁর জন্মশতবর্ষ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষ্যে ২০২০-২১ সালকে মুজিববর্ষ হিসেবে ঘোষনা করা হয়েছে।

মুজিববর্ষ উপলক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এনটিআরসিএ'র কার্যক্রমসমূহ সংশ্লিষ্ট সকলের নিকট বোধগম্য ও অবগত করণের লক্ষ্যে এবং এনটিআরসিএ সম্পর্কে গনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মুজিববর্ষ উপলক্ষ্যে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি লিফলেট বিতরণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

## বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের কার্যক্রম

### পরিচিতি ও অবস্থান

শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগ দানের লক্ষ্যে ২০০5 সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০5 এর ৩ ধারা বলে এ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ সংক্ষেপে এনটিআরসিএ নামে পরিচিত। ইংরেজিতে এ প্রতিষ্ঠানের নাম Non-Government Teachers' Registration and Certification Authority (NTRCA)।

এনটিআরসিএ সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শূন্যপদ সমূহে শিক্ষক নিয়োগের লক্ষ্যে যোগ্য ও মেধাবী শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগের সুপারিশ প্রদান করে। সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে অনলাইনে প্রার্থীদের আবেদন গ্রহণ করে নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগ সুপারিশের কার্যক্রমটি পরিচালনা করা হয়।

আইন অনুযায়ী এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ। বর্তমানে এ কর্তৃপক্ষের কার্যালয় ঢাকাস্থ রমনা থানার ইস্কাটন গার্ডেন রোডের রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ারে অবস্থিত।

### জনবল

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের প্রধান হলেন একজন চেয়ারম্যান। এছাড়া কর্তৃপক্ষের পরিচালনা ও প্রশাসনিক কার্যসম্পাদনের জন্য একটি নির্বাহী বোর্ড রয়েছে। চেয়ারম্যান কর্তৃপক্ষের সার্বক্ষণিক প্রধান হিসেবে নির্বাহী বোর্ড নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করে থাকেন। নির্বাহী বোর্ডের ৩ জন সদস্য যথাক্রমে প্রশাসন ও অর্থ, পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন এবং শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান হিসেবে এনটিআরসিএ'র সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন। এছাড়া কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একজন সচিবসহ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী প্রবিধানের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিয়োজিত রয়েছেন।

### অধিক্ষেত্র

দেশের সকল বেসরকারি নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক সংযুক্ত উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং সমপর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ভোকেশনাল, টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান ও দাখিল, আলিম, ফাজিল, কামিল ও সংযুক্ত এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ এবং সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এনটিআরসিএ এর অধিক্ষেত্রভুক্ত।

### ভিশন

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ।

### মিশন

দেশব্যাপী স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও কম্পিটারাইজড পদ্ধতিতে প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র প্রদান, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ শেষে সম্মিলিত জাতীয় মেধা তালিকা হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ, শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে ই-রিকুইশন গ্রহণ এবং প্রাপ্ত শূন্যপদের বিপরীতে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করে নিবন্ধন সনদধারী প্রার্থীদের মধ্য হতে এন্ট্রি লেভেলে মেধার ভিত্তিতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সেরা প্রার্থীকে শূণ্যপদের বিপরীতে নির্বাচন করে যোগ্য ও মেধাবী শিক্ষক নিয়োগের সুপারিশের দ্বারা দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন সাধন।

### শিক্ষক নিবন্ধন পরীক্ষা

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০5 অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্য শিক্ষকদের তালিকা প্রণয়ন, নিবন্ধন ও প্রত্যয়নের নিবন্ধন পরীক্ষা গ্রহণের জন্য ২০০৬ সালে উক্ত আইনের আওতায় বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ প্রণয়ন করা হয়। উক্ত বিধির আওতায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হিসেবে নিবন্ধনের জন্য ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত পরীক্ষাসমূহ গ্রহণ করা হয়:

* প্রিলিমিনারি পরীক্ষা মোট মান : ১০০
* লিখিত পরীক্ষা মোট মান : ১০০
* মৌখিক পরীক্ষা মোট মান : ২০

উল্লিখিত পরীক্ষাসমূহের প্রত্যেক স্তরে পাশ নম্বর শতকরা ৪০। তবে লিখিত পরীক্ষায় শূন্যপদের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থী নির্ধারণ করা হয়। নিবন্ধন পরীক্ষার সকল স্তরে উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়ন পত্র প্রদান করা হয়।

### শূন্যপদের তালিকা গ্রহণ

শিক্ষা মন্ত্রণালয় প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে প্রতিটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবলের প্রাপ্যতা নির্ধারণ করা আছে। উক্ত জনবল অনুযায়ী কোনো শিক্ষকের পদ শূন্য হলে তা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ এনটিআরসিএ কে অবহিত করেন। শিক্ষা মন্ত্রণালয় হতে গত ৩০/১২/২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী প্রত্যেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি অথবা গভর্নিং বডির অনুমোদন ক্রমে পরবর্তী বছরে শিক্ষকদের নিয়োগযোগ্য শূন্যপদের চাহিদার ভিত্তিতে অধিযাচন পত্র সরকার নির্ধারিত কোটার প্রাপ্যতা উল্লেখপূর্বক উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে, জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করেন। উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ কর্তৃক এনটিআরসিএ এর নিকট প্রেরণ করা হয়। শূণ্যপদের চাহিদার ভিত্তিতে এনটিআরসিএ হতে নিয়োগ সুপারিশ প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়।